**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫/২০২৫ জে, তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অধস্তন আদালতের রেকর্ড রুমে সংরক্ষিত মামলার নথির ফটোকপি সংগ্রহ এবং প্রশিক্ষণে ব্যবহার বিষয়ক নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি Bangladesh Supreme Court (High Court Division) Rules 1973 এর Chapter III B এর রুল ১ এ প্রদত্ত ক্ষমতাবলে অধস্তন আদালত কর্তৃক অনুসরণীয় নিম্নবর্ণিত রীতি ও পদ্ধতি সম্পর্কিত নির্দেশনা (Practice Directions) প্রদান করেছেন।

শিক্ষানবীশ সহকারী জজ এবং অধস্তন আদালতের বিভিন্ন স্তরের বিচারকগণের জন্য বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (JATI) কর্তৃক গৃহীত প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আদালতের বিচারিক প্রক্রিয়ায় ব্যবহৃত এবং অন্যান্য দলিল সম্পর্কে প্রায়োগিক ধারণা প্রদানের উদ্দেশ্যে Bangladesh Supreme Court (High Court Division) Rules 1973 এর Chapter III B এর রুল ১ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

(১) ইনস্টিটিউটের সংশ্লিষ্ট কর্মকর্তা নিষ্পত্তিকৃত এবং রেকর্ড রুমে সংরক্ষিত বিভিন্ন ধরণের মামলার কাগজাদির ফটোকপি সংশ্লিষ্ট জেলার জেলা জজ বা দায়িত্বপ্রাপ্ত অন্য বিচারক এর অনুমতিক্রমে সংগ্রহ করতে পারবেন।

(২) ইনস্টিটিউট কর্তৃপক্ষ দফা (১) এ বর্ণিত উদ্দেশ্যে বিভিন্ন প্রকার মামলায় ব্যবহৃত কাগজাদির সুনির্দিষ্ট তালিকা জেলা ও দায়রা জজ, মহানগর দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করবেন।

(৩) ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট রেকর্ড রুমের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনাক্রমে বিভিন্ন মামলায় নথিভুক্ত সকল/আংশিক কাগজাদির তালিকা প্রস্তুত করবেন।

(৪) বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃপক্ষ কোর্ট ফি প্রদান ব্যতিত প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি সংগ্রহ করে কম্পিউটার টাইপকৃত কপি প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত কম্পিউটার কপিতে আদালতের নাম, মামলা নম্বর, পক্ষদের নাম ঠিকানা বা মামলার বিষয়বস্তুর বর্ণনা থাকবে না, তবে প্রশিক্ষণের সুবিধার্থে কাল্পনিক নাম, ঠিকানা এবং বিষয়বস্তুর বর্ণনা ব্যবহার করা যেতে পারে।

(৫) উপরিউক্ত ফটোকপি তৈরীর উদ্দেশ্যে সংশ্লিষ্ট আদালতের ফটোকপি মেশিন ব্যবহারসহ আনুষঙ্গিক সুবিধাদি ব্যবহার করা যাবে। তবে প্রয়োজন বোধে আদালত বহির্ভূত বাণিজ্যিক ভিত্তিতে সেবা প্রদানকারী ফটোকপি মেশিন ব্যবহার করা যাবে এবং সেক্ষেত্রে আদালতের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী উপস্থিত থাকবেন এবং ইনস্টিটিউট কর্তৃপক্ষ উহার ব্যয় বহন করবেন।

(৬) বর্ণিত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট বিচারক প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাক্ষরিত**

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল (ভার:)
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-২১৫১ জে, তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----------- (সকল)।

৩। মহানগর দায়রা জজ, --------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------------ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- ----------------------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ------------------ ---------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------ (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------(সকল)।

(প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

24.02.25

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫